

জাভেদ মুনির আহমেদ এনএসইউ'র বিওটি চেয়ারম্যান পুনর্নির্বাচিত



নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) বোর্ড অব ট্রাস্টিজের (বিওটি) চেয়ারম্যান হিসেবে ২০২৪-২০২৫ সালের জন্য পুনর্নির্বাচিত হয়েছেন জাভেদ মুনির আহমেদ। ২০২৪ সালের ৩০ জুন এনএসইউ ট্রাস্টের ১৩তম বার্ষিক সাধারণ সভায় এই ঘোষণা দেওয়া হয়।

২০২২ সালের ১৬ আগস্ট চ্যান্সেলর কর্তৃক পুনর্গঠিত এনএসইউ বোর্ড নিয়োগের পর এটি চেয়ারম্যান হিসেবে জাভেদ মুনির আহমেদের দ্বিতীয় মেয়াদ। জাভেদ মুনির আহমেদ দ্বিতীয় মেয়াদে চেয়ারম্যান নির্বাচিত হওয়ায় বিশ্ববিদ্যালয়ের বোর্ড অফ ট্রাস্টির সদস্যদের কাছ থেকে পাওয়া সমর্থনের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। একইসঙ্গে তিনি বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ড, শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষক এবং প্রশাসনের বিভিন্ন দায়িত্বে থাকা সবার অবদানের কথা স্মরণ করেছেন।

জাভেদ মুনির আহমেদ তার পিতা এনএসইউ'র প্রতিষ্ঠাতা এবং বাংলাদেশের বেসরকারি বিশ্ববিদ্যালয় খাতের পথিকৃৎ মুসলেহউদ্দিন আহমেদ কর্তৃক প্রদত্ত এনএসইউ'র প্রতিষ্ঠাকালীন নীতিমালার প্রতি তার অঙ্গীকারের ওপর জোর দেন। ১৯৯২ সালে এনএসইউ'র প্রতিষ্ঠাকালে আহমেদ বাংলাদেশের প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয় এনএসইউ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। বাংলাদেশের আইটি শিল্পের অন্যতম পথিকৃৎ আহমেদ এনএসইউ'তে গবেষণার মান আরও বৃদ্ধিতে আগ্রহ প্রকাশ করেছেন। এরই অংশ হিসেবে তিনি এনএসইউ'তে আর্টিফিশিয়াল ইনটেলিজেন্স (এআই) ইনস্টিটিউটের প্রস্তাব করেছেন। তিনি বলেন, 'এআই সম্পর্কিত এই উন্নত গবেষণা ইনস্টিটিউটের মাধ্যমে গবেষণাকে আরও এগিয়ে নিতে আমরা স্থানীয় এবং আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠান,

সরকারি সংস্থা এবং বেসরকারি শিল্পের সঙ্গে সহযোগিতা প্রতিষ্ঠা করতে চাই।' এপ্রোসফট কনসাল্টিং অ্যান্ড ট্রেনিং করপোরেশন লিমিটেডের প্রতিষ্ঠাতা ব্যবস্থাপনা পরিচালক জাভেদ মুনির আহমেদ আইটি শিল্পে ৩৫ বছরেরও বেশি সময় কাজ করছেন। মার্কিন যুক্তরাষ্ট্রের ব্রাউন বিশ্ববিদ্যালয় থেকে তড়িৎ প্রকৌশল ডিগ্রি অর্জনের পর তিনি ১৯৯০ সালে সফটওয়্যার শিল্পে প্রকৌশলী হিসেবে তার কর্মজীবন শুরু করেন। ২০০৬ সালে তিনি বাংলাদেশে এপ্রোসফট-এর অফিস প্রতিষ্ঠা করেন, যা উত্তর আমেরিকা এবং ইউরোপীয় ইউনিয়নের গ্রাহকদের জন্য বিশ্বমানের সফটওয়্যার ডেভেলপমেন্ট সেবা প্রদান করে। এছাড়া ২৫ বছরেরও বেশি সময় ধরে মার্কিন যুক্তরাষ্ট্রে ফেডারেল নিয়ন্ত্রিত অলাভজনক সংস্থার বোর্ডেও তিনি দায়িত্ব পালন করেছেন।

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম বলেন, 'আমরা এরই মধ্যে আহমেদকে চেয়ারম্যান হিসেবে বিশ্ববিদ্যালয়ে শক্তিশালী ও ইতিবাচক প্রভাব তৈরি করতে দেখেছি। আমরা তার অনুপ্রেরণামূলক নেতৃত্বে এনএসইউ'র প্রবৃদ্ধি ও উন্নয়নকে আরও এগিয়ে নেওয়ার প্রত্যাশায় তার সফল মেয়াদ কামনা করি।' সংবাদ বিজ্ঞপ্তি

